# ২০২০-২১ অর্থ বছরের প্রধান প্রধান অর্জনসমূহ :

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্ন বাস্তবায়নে এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ডিজিটাল বাংলাদেশ কর্মসূচির অংশ হিসেবে তথ্য প্রযুক্তি ব্যবহার করে সরকারি সেবা জনগণের কাছে পৌঁছে দেয়ার নির্দেশনা অনুসারে অর্থ বিভাগের সংস্কার কার্যক্রমের ক্ষেত্রে একটি নতুন মাত্রা যোগ করা হয়েছে। জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর আদেশ জারির পর সকল সামরিক ও বেসামরিক কর্মকর্তা/কর্মচারীগণের বেতন ফিক্সেশন অনলাইনে করার মাধ্যমে এ ধারাবাহিক প্রক্রিয়াকে আরও গতিশীল করা হয়েছে।এ পর্যন্ত iBAS++ সিস্টেমে ১০,৫৬,৪৫৭ জন কর্মকর্তা/কর্মচারীর বেতন অনলাইনে ফিক্সেশন করা হয়েছে। একই সাথে অনলাইনে পেনশন ফিক্সেশন এবং কেন্দ্রীয় ডেটাবেইজ তৈরীর মাধ্যমে প্রকৃত পেনশনারের সংখ্যা বের করা সম্ভব হয়েছে।পেনশনার ডেটাবেইজ অনুযায়ী পেনশনারের সংখ্যা এখন পর্যন্ত প্রায় ৫,৮৯,০০০ জন।এটি একটি চলমান কার্যক্রম যেখানে চলমান পেনশনারের পাশাপাশি নতুন পেনশনারদেরকে অন্তর্ভূক্ত করা হয় ।

- মুজিব শতবর্ষে শতভাগ পেনশন ইএফটির মাধ্যমে সকল বেসামরিক পেনশনারদের (প্রতিরক্ষা ও রেলওয়ে ব্যতিত) পেনশন সরাসরি পেনশনারদের ব্যাংক হিসাবে প্রদান করার প্রক্রিয়া চূড়ান্ত ভাবে সম্পন্ন করা হয়েছে।মাঠ পর্যায়ে হিসাবরক্ষণ অফিস হতে পেনশন গ্রহণকারী পেনশনারদেরকে পর্যায়ক্রমে প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়, পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট হতে ইএফটি'র মাধ্যমে পেনশন প্রদান করার কার্যক্রম চলমান রয়েছে।
- বর্তমানে সিজিএ কার্যালয়ের আওতাধীন পেনশনার (বেসামরিক ১০০%) ইএএফটির মাধ্যমে পেনশন প্রদান করা হয়ে থাকে।
- সিজিএ কার্যালয়ের আওতাধীন সকল হিসাবরক্ষণ অফিসসমূহে গেজেটেড সরকারি কর্মকর্তা ও নন-গেজেটেড/ কর্মচারীর মাসিক বেতন ভাতার বিল EFT এর মাধ্যমে পরিশোধ করা হয়েছে।
- সিজিএ কার্যালয়ের নিয়ন্ত্রনাধীন সকল হিসাবরক্ষণ কার্যালয় কর্তৃক সংশ্লিষ্ট মন্ত্রণালয়,বিভাগ,দপ্তর পরিদপ্তরে কর্মরত সকল কর্মকর্তাগণ online এ বেতন ভাতার বিল সাবমিট এবং নন-গেজেটেড কর্মচারীদের বেতন ভাতার বিল ডিডিও মডিউল এর মাধ্যমে সাবমিট করা হলে EFT এর মাধ্যমে তাদের ব্যাংক হিসাবে পরিশোধ করা হয়। এ প্রক্রিয়ায় ১০,৩৪,০০০ জন কর্মকর্তা/কর্মচারীর বেতন ভাতা EFT কাভারেজ এর আওতায় আনা হয়েছে। বাকীদের এ প্রক্রিয়ায় আনার কার্যক্রম চলমান রয়েছে।
- সকল গেজেটেড, নন-গেজেটেড কর্মকর্তা,কর্মচারীদের GPF এর স্থিতি Approve করার কাজ চলমান রয়েছে । এ কাজ চূড়ান্ত ভাবে সম্পন্ন করা হলে একজন সরকারি কর্মকর্তা তাঁর মাসিক বেতন বিলে জিপিএফ এ কর্তনকৃত মাসিক চাঁদা ও অগ্রিম, পূর্ববর্তী বছরের ব্যালেন্স এবং সুদ প্রদান সম্পর্কিত তথ্যাদি অনলাইনে অবহিত হতে পারবেন এবং জুন মাসের বার্ষিক হিসাব বিবরণী অনলাইন হতে প্রিন্ট গ্রহণ করতে পারবেন । ইতমধ্যে ৮,০৭,০০০ জন কর্মকর্তা/কর্মচারীর জিপিএফ তথ্য অনলাইনে হালনাগাদ করা হয়েছে।
- ই-চালান পোর্টাল এর আওতায় জনসেবা প্রদানের লক্ষ্যে পাসপোর্ট ফি, পুলিশ ক্লিয়ারেন্স ফি ও জাতীয় পরিচয়পত্র ফি অটোমেশনের মাধ্যমে পরিশোধের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং এর সাথে বর্তমানে A- Chalan (Automated chalan) কার্যক্রম শুরু হয়েছে। এ প্রক্রিয়ায় সকল ব্যাংক এর মাধ্যমে সরকারি রাজস্বসহ অন্যান্য জমা গ্রহন করা হচ্ছে ।

- সামাজিক নিরাপত্তা বেষ্টনী সেবাসমূহ যেমন-মুক্তিযোদ্ধা ভাতা, বয়স্ক ভাতা, বিধবা ভাতা, মাতৃত্ব ভাতা, প্রতিবন্ধী ভাতা ইত্যাদি ভাতার সংশ্লিষ্ট সুবিধাভোগীর ব্যাংক হিসাবে অটোমেশনের মাধ্যমে পরিশোধ করা হচ্ছে। ৩০ জুন, ২০২১খ্রি. পর্যন্ত সামাজিক নিরাপত্তা বেষ্টনী সেবার আওতায় মোট ২,৬৩,৭৭,০০০ জন সেবা গ্রহীতাকে ইএফটি কভারেজ এর আওতায় আনা হয়েছে।
- দাতা সংস্থার চাহিদার প্রেক্ষিতে iBAS++সফটওয়ারে BACS এর নতুন শ্রেণী বিন্যাস অনুযায়ী সকল পরিশোধের আন্তর্জাতিক মানের আর্থিক প্রতিবেদন উপস্থাপন করা করা হচ্ছে।
- স্বায়িত্বশাসিত প্রতিষ্ঠানের তহবিল ছাড়করণের জন্য Personal Ledger Accounts (P/L A/C)চালুকরণ আইবাস++ সিস্টেমে এর প্রয়োজনীয় নিয়ন্ত্রন স্থাপন করা হয়েছে।
- MICR চেক প্রবর্তন হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের একটি যুগান্তকারী ব্যবস্থা। পূর্বের নন MICR চেকের প্রদানের ক্ষেত্রে সোনালী ব্যাংক কে সরকারের বিপুল পরিমাণ অর্থ কমিশন প্রদান করা লাগতো এবং সঠিক সময়ে সরকারের TSA এর Blance এর চিত্র বোঝা যেতনা। MICR চেক প্রবর্তনের ফলে সরকারি পরিশোধ Real Time হিসাব রাখা সম্ভব, বিপুল পরিমাণ অর্থ সাশ্রয় করা সম্ভব এবং কেন্দ্রীয় চেক Management এর মাধ্যমে সকল কিছু নিয়ন্ত্রণ করা সম্ভব।
- ইতোমধ্যেই ৫০ টি সিএএফও- তে ওয়েবসাইট চালু করা হয়েছে, যা সিজিএ ওয়েবসাইটের গুরুত্বপূর্ণ লিংক সমূহে সংযুক্ত করা হয়েছে ।
- পর্যায়ক্রমে সিজিএ’র অধীনস্থ অন্যান্য কার্যালয়সমূহের ওয়েবসাইট হালনাগাদ/আপডেট করার প্রক্রিয়া চলমান রয়েছে।